



# জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর

স্মারক নং ০৫(৫৩০) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২১/১৬৯০

তারিখ : ০৫/০৯/২০২৫

## ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র মুদ্রণ ও পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা Examination Management System (EMS) Software-এর মাধ্যমে আগামী ১৫/০৯/২০২৫ তারিখ হতে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ অদ্য ০৫/০৯/২০২৫ তারিখে প্রকাশ করা হবে।

সকল কলেজ কর্তৃপক্ষ প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে অধ্যক্ষের সীলসহ স্বাক্ষর প্রদানপূর্বক পরীক্ষার্থীদের নিকট বিতরণ করবে। প্রবেশপত্র বিতরণের সময় প্রবেশপত্রের ছবির সাথে অবশ্যই রেজিস্ট্রেশন কার্ডের ছবি মিলিয়ে নিতে হবে এবং রেজিঃ নম্বর ও রোল নম্বর সঠিক আছে কি-না যাচাই করতে হবে।

উল্লেখ্য যে, কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়া না গেলে বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল দৃষ্টিগোচর হলে ১০/০৯/২০২৫ তারিখের মধ্যে অধ্যক্ষের সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করে সংশোধন করে নিতে হবে।


বি.দ্রঃ রোল বিবরণী ও হাজিরা শীট Examination Management System (EMS)-এর কলেজ প্যানেল থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা শুরুর তিন (০৩) দিন পূর্বে সরবরাহের ব্যবস্থা নিতে হবে।

### প্রবেশপত্র ডাউনলোড করার লিংকঃ

১. যে কোন ব্রাউজারের এড্রেসবারে <http://ems.nu.ac.bd/> টাইপ করে Examination Management System (EMS) সফটওয়্যারের ওয়েবপোর্টালে প্রবেশ করতে হবে।
২. হোম পেইজের “College login (Admin)” মেনুতে ক্লিক করে কলেজ কোড (XXXX) এবং পাসওয়ার্ড (XXXXXX) দিয়ে প্রবেশ করতে হবে। কলেজ প্রোফাইল থেকে পাসওয়ার্ড সংগ্রহ করা যাবে।
৩. কলেজ প্যানেল বাম পাশের মেনুবার থেকে “Admit Card” মেনুতে ক্লিক করে “Select Exam” এ পরীক্ষার নাম নির্বাচন করে “Search” বাটনে ক্লিক করলে “Admit Card By Subject” টেবিলে প্রবেশপত্র, হাজিরা শীট, রোল বিবরণী শীট পাওয়া যাবে এবং এগুলো ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
৪. তাছাড়াও কলেজ ইউজারের প্যানেল থেকেও বিষয়ওয়ারী প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

প্রবেশপত্র ডাউনলোড করতে সমস্যা হলে নিম্নে উল্লেখিত প্রতিনিধিদের সাথে যোগাযোগ করা যেতে পারে।

১. এস এম তানভীর সিদ্দীকি, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট : ০১৭০৩-৭২৫৮১৮
২. মঞ্জাদিরুল ইসলাম রাজু, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট : ০১৬০৯-৬০৫৪৯৪

  
মোঃ এনামুল করিম  
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।  
ফোন নং ০২-৯৯৬৬৯১৫১৭  
Email: controller@nu.ac.bd